

ঢাকা ওয়াসা

- (১) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ইং অর্থবছরের বাজেট বরাদ্দের কপি।
- (২) পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- (৩) দরের স্বপক্ষে পূর্বানুমোদিত দরের কপি।
- (৪) এ.এম.ইন্টারন্যাশনাল এর প্রয়োজনীয় ডকুমেন্টস।
- (৫) পাম্প মোটর মেরামত, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং কাজের প্রাক্কলন।
- (৬) আলোচ্য কাজের প্রতিবেদন।

Name of the work: Cleaning, maintenance & servicing of 01(one) set 75 KW 31.9 cubic meter/min capacity pump motor, suction & delivery line, gate valve, NRV etc of Narinda CPS pumping station under PSTP(pump no:2) কাজের প্রাক্কলন অনুমোদন প্রসংগে।

১। সংযুক্ত ক্রমিক নং ১ হতে ৬ পর্যন্ত সদয় দেখা যেতে পারে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন ঢাকা মহানগরীর বিভিন্ন স্থানে সচল ১৭টি পয়ঃ উত্তোলন কেন্দ্র (এস.এল.এস) রয়েছে। উক্ত এস.এল.এস গুলোর মাধ্যমে ঢাকা মহানগরীর পয়ঃ সমূহ ট্রাংক মেইনের মাধ্যমে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ পাম্পিং হয়ে পাগলা পয়ঃ শোধনাগারে বিভিন্ন প্রক্রিয়ায় অর্থাৎ লিফটিং পাম্প, সেডিমেন্টেশন ট্যাংক ও ফ্যাকাল্টেটিভ লেগুনে এরোবিক ও এ্যানারোবিক প্রক্রিয়ায় পয়ঃ শোধন করে আউটফল পাম্পিং স্টেশনের মাধ্যমে পাম্পিং করে সর্বশেষ ধাপে ডিসচার্জ চেম্বারে লিকুইড ক্লোরিন গ্যাস মিশ্রিত করে ভূ-গর্ভস্থ পাইপ লাইনের মাধ্যমে পরিশোধিত পানি কালেকটিং চেম্বার হয়ে বুড়িগঙ্গা নদীতে ডিসচার্জ করা হচ্ছে। পাগলা পয়ঃ শোধনাগার বিভাগের আওতাধীন নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ লিফটিং স্টেশন ঢাকা ওয়াসার ১টি পুরাতন পয়ঃ লিফটিং স্টেশন। উক্ত লিফটিং স্টেশনে বিভিন্ন ক্যাপাসিটির অর্থাৎ ৭৫ কিলোওয়াট ৩১.৯ ঘনমিটার/মিনিট ক্ষমতার ৩ সেট, ৩৭ কিলোওয়াট ১১.৪ ঘনমিটার/মিনিট ক্ষমতার ২ সেট ও ১৮.৫ কিলোওয়াট ৪.৫ ঘনমিটার/মিনিট ক্যাপাসিটির ২ সেট সহ মোট ৭ সেট পাম্প মোটর রয়েছে। উক্ত পাম্প মোটরগুলো রোস্টার অনুযায়ী ২৪ ঘন্টাই চালু থাকে। নারিন্দা পাম্পিং স্টেশনের ইনলেট চেম্বারের হয়ে সাকশন চেম্বারে প্লাস্টিক জাতীয় ময়লা-আবর্জনা ঢুকে পাম্প মোটর জ্যাম হয়ে যায়। সেই কারনে পাম্প মোটর চালানো যায় না। অনেক সময় মোটর জ্বলে যায়। এছাড়া পয়ঃমিশ্রিত পানিতে প্রচুর পরিমান স্লাজ, স্লারি ও অন্যান্য পার্টিকেল থাকায় এগুলো ক্লিনিং করার জন্য পাম্প মোটর, গেট ভাল্ভ, নন-রিটার্ন ভাল্ভ, সাকশন ও ডেলিভারী লাইন খুলে ক্লিনিং, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং করতে হয়। সেই আলোকে নারিন্দা কেন্দ্রীয় পয়ঃ পাম্পিং স্টেশনের বিদ্যমান ৭ সেট পাম্প মোটরের মধ্যে ২ নং পাম্প মোটর অর্থাৎ ৭৫ কিলোওয়াট ৩১.৯ ঘনমিটার/মিনিট ক্ষমতার পাম্প মোটর, গেট ভাল্ভ, নন-রিটার্ন ভাল্ভ, সাকশন ও ডেলিভারী লাইন খুলে ক্লিনিং, রক্ষণাবেক্ষণ ও সার্ভিসিং করা প্রয়োজন।

১.১। সেই আলোকে পূর্বানুমোদিত দরের ভিত্তিতে "Cleaning, maintenance & servicing of 01(one) set 75 KW 31.9 cubic meter/min capacity pump motor, suction & delivery line, gate valve, NRV etc of Narinda CPS pumping station under PSTP(pump no:2)" শীর্ষক কাজের একটি প্রাক্কলন তৈরী করে উপস্থাপন করা হ'ল। এতে মোট টাকার পরিমান দাঁড়িয়েছে ৪৯,৩১১.০০(উনপঞ্চাশ হাজার তিনশত এগার) টাকা মাত্র। উক্ত ক্রয় কাজের খরচ পাগলা পয়ঃশোধনাগার বিভাগের ২০২৫-২৬ অর্থ বছরের রাজস্ব বাজেট বরাদ্দের পয়ঃপাম্প রক্ষণাবেক্ষণ (কোড ০১-০৪-০০৪) খাত হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য ক্রয় কাজটি চলতি অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার সিরিয়াল নং-১০৬; প্যাকেজ নং- E7 (থোক বরাদ্দ) হতে নির্বাহ করা হবে।

১.২। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ৯৯(১)(ড) ধারায় সরাসরি চুক্তির (Direct contracting) আওতায় সম্পাদন করা হবে। আলোচ্য ক্রয় কার্যক্রমে Procuring Entity হিসেবে Executive Engineer, PSTP Division, Dhaka WASA কে রাখা হবে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের চুক্তি বাস্তবায়নসহ যাবতীয় কাজসমূহ Executive Engineer, PSTP Division, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।